# চ্যান্সেলরের প্রবিধান

Department of Education

| | | | |
|---|---|---|---|
| শ্রেণী বিভাগ: | **শিক্ষার্থী** | ইস্যুর তারিখ: 11/28/18 | নম্বর: **A-420** |
| বিষয়: | শিক্ষার্থী আচরণ এবং শৃঙ্খলা – দৈহিক শাস্তি | পৃষ্ঠা: | 1 অভ 2 |

## পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান 30 অগাস্ট 2014 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-420 কে হালনাগাদ করে এবং স্থলাভিষিক্ত হয়। এটি শিক্ষার্থীর বিরুদ্ধে দৈহিক শাস্তি সংক্রান্ত ও এর ব্যবহার নিষিদ্ধ এবং দৈহিক শাস্তির অভিযোগ অবহিত এবং তদন্ত করার শর্তাবলি প্রতিষ্ঠা করে।

পরিবর্তনসমূহ:

- স্কুলের ক্যাম্পাসে সংঘটিত হয়নি এমন দৈহিক শাস্তির শর্ত অপসারণ করে, স্কুলের বাইরের আচরণ অবশ্যই শিক্ষা প্রক্রিয়ায় ব্যাঘাত ঘটাতে পারে অথবা আগে থেকে উপলব্ধ হতে পারে যে, শিক্ষা প্রক্রিয়ায় ব্যাঘাত ঘটাবে অথবা স্কুল কম্যুনিটির স্বাস্থ্য, সুরক্ষা, নৈতিকতা অথবা কল্যাণকে বিপদে ফেলবে অথবা আগে থেকে উপলব্ধ বিপজ্জনক করবে। (পৃষ্ঠা 1, অনুচ্ছেদ I.A. দেখুন)
- এই প্রবিধানের উদ্দেশ্যসমূহের জন্য ব্যাখ্যা দেয় যে, প্রিন্সিপ্যালের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি প্রিন্সিপ্যাল কর্তৃক নিয়োজিত একজন সুপারভাইজর। (পৃষ্ঠা 2, ফুটনোট 3 দেখুন)
- প্রিন্সিপ্যাল/তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির জন্য দৈহিক শাস্তির অভিযোগের রিপোর্ট অফিস অভ স্পেশাল ইনভেস্টিগেশনে করা এবং অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেমে অভিযোগসমূহ এন্টার করার সময় 24 ঘণ্টা থেকে এক স্কুল দিবসে পরিবর্তন করে। (পৃষ্ঠা ২ সেকশন IV.B দেখুন)
- স্পষ্ট করে যে, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই যেকোন রিপোর্টিং কর্মী সদস্যের কাছ থেকে একটি সাক্ষী বিবৃতি নিতে হবে এবং দুই স্কুল দিবসের মধ্যে OORS-এ বিবৃতি এন্টার করতে হবে। (পৃষ্ঠা 2, অনুচ্ছেদ IV.B.2 দেখুন)
- ব্যাখ্যা দেয় যে, যদি অভিযোগকৃত আচরণ একটি অপরাধ হয়, তাহলে চ্যান্সেলরের প্রবিধান A-412-এ বর্ণিত নোটিফিকেশন এবং রিপোর্টিংয়ের শর্তগুলি প্রিন্সিপ্যাল/তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই অনুসরণ করতে হবে। (পৃষ্ঠা 2, অনুচ্ছেদ IV.B.3 দেখুন)
- শর্ত দেয় যে, যদি প্রিন্সিপ্যাল অভিযোগের বিষয় হন, সেক্ষেত্রে সুপারিনটেনডেন্টকে অবশ্যই দ্রুত অভিযোগের যে শিকার তার পিতামাতাকে জানাতে হবে যে, অভিযোগ দায়ের করা হয়েছে। (পৃষ্ঠা 2, সেকশন IV.E দেখুন)
- শর্ত প্রদান করে যে, যখন কোন প্রিন্সিপ্যাল তদন্ত শেষ করা স্থগিত রেখে একজন কর্মীকে পুনর্নিয়োগের অনুরোধ জানান, এই অনুরোধটি অফিস অভ পারসোনাল ইনভেস্টিগেশন কর্তৃক পর্যালোচনা করা হবে। (পৃষ্ঠা 2, সেকশন V.A দেখুন)
- ব্যাখ্যা দেয় যে, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই স্কুল-ভিত্তিক তদন্ত পরিচালনা করবে যদি অফিস অভ স্পেশাল ইনভেস্টিগেশন কর্তৃক দৈহিক শাস্তির অভিযোগ তাদের কাছে পাঠানো হয়। (পৃষ্ঠা 3, অনুচ্ছেদ VI.A.2 দেখুন)
- শর্ত প্রদান করে যে, যদি কোন স্কুল-ভিত্তিক তদন্ত স্কুলে কার্যকর না হয়, একজন প্রিন্সিপ্যাল/তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই অফিস অভ স্পেশাল ইনভেস্টিগেশনে জানাতে হবে। (পৃষ্ঠা 3, অনুচ্ছেদ VI.A.2 দেখুন)
- চ্যান্সেলরের প্রবিধান A-820 এবং ফেডারেল এডুকেশনাল রাইটস্ অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট-এ ব্যবহৃত ভাষা অনুযায়ী ''শিক্ষার্থীর নির্দিষ্ট তথ্য''-কে ''শিক্ষার্থীর ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্যে'' পরিবর্তন করে। (পৃষ্ঠা 3, অনুচ্ছেদ VI.B.4.a দেখুন)
- ফুটনোট 8-এ স্পষ্ট ব্যাখ্যা রয়েছে যে, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি তদন্ত এবং শৃঙ্খলাজনিত মিটিং একই সময়ে করতে পারেন যদি অভিযুক্ত কর্মীর অভিযোগের উত্তরদানের সুযোগ থাকে এবং প্রিন্সিপ্যাল/তার দয়িত্বপ্রাপ্ত ব্যক্তি একটি চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ এবং শৃঙ্খলা বিধি আরোপের জন্য এমন ধরনের কোন উত্তর এবং অন্য সকল প্রমাণ বিবেচনা করেন। (পৃষ্ঠা 4, ফুটনোট 8 দেখুন)

- দৈহিক শাস্তির অভিযোগ সম্পর্কিত স্কুল-ভিত্তিক তদন্ত এবং সিদ্ধান্ত গ্রহণের সময়সীমা অফিস অভ স্পেশাল ইনভেস্টিগেশন থেকে রেফারাল পাবার তারিখ থেকে 10 দিন থেকে 15 দিনে পরিবর্তন করে। (পৃষ্ঠা 4, অনুচ্ছেদ VI.C.1 দেখুন)
- স্পষ্ট করে যে, স্কুল-ভিত্তিক তদন্ত শেষ করতে ব্যর্থ হবার কারণে প্রিন্সিপ্যাল/তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির বিরুদ্ধে শঙ্খলাজনিত ব্যবস্থা নেয়া হতে পারে। (পৃষ্ঠা 4, অনুচ্ছেদ VI.C.3 দেখুন)
- ব্যাখ্যা করে যে প্রিন্সিপ্যাল/তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি নির্ধারণ করবে বিরুদ্ধের যে শিকার সেই শিক্ষার্থীকে মধ্যস্থতা এবং সহায়তা প্রদান করা হবে কিনা। (দেখুন পৃষ্ঠা 4, সেকশন II.D)
- একটি ব্যবস্থা যোগ করে যেখানে চ্যান্সেলর অথবা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে ব্যতিক্রমী কোন পরিস্থিতিতে এবং স্কুল সিস্টেমের সর্বোচ্চ স্বার্থে এই প্রবিধান থেকে পূর্ণ অথবা আংশিকভাবে অব্যাহতি প্রদান করে। (পৃষ্ঠা 5, অনুচ্ছেদ XI দেখুন।)
- 48-ঘন্টার নোটিস, ইউনিয়ন প্রতিনিধিত্বে অধিকারে অব্যাহতি এবং গোপনীয়তার স্বীকৃতির ফরমসমূহ ইমপ্লয়ই ইনফোহাব, সিনিয়র ফিল্ড কাউন্সিল পৃষ্ঠার প্রিন্সিপ্যাল/তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির কাছে লভ্য। (পৃষ্ঠা 3 এর অনুচ্ছেদ 5, 6 এবং 7)
- সংযুক্তি নম্বর 1-এ হস্তান্তর বিকল্পসমূহের ব্যাখ্যার পরিবর্তন রয়েছে। (পৃষ্ঠা 4-5 এর 1 নম্বর সংযুক্তি দেখুন)

# সংক্ষিপ্তসার

এই প্রবিধান শিক্ষার্থীর বিরুদ্ধে দৈহিক শাস্তি সংজ্ঞায়িত ও এর ব্যবহার নিষিদ্ধ এবং দৈহিক শাস্তির অভিযোগ অবহিত ও তদন্ত করার শর্তাবলি প্রতিষ্ঠা করে।

## I. নীতি

A. ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ("DOE") নীতি হলো DOE কর্মী সদস্য, কাস্টোডিয়াল কর্মী, ভেন্ডর, কনসালট্যান্টস, কম্যুনিটি ভিত্তিক সংগঠন ("CBO") কর্মী এবং একই ধরনের ব্যক্তি কর্তৃক স্কুল সম্পত্তি, স্কুল সফর, এবং স্কুল সম্পত্তির বাইরে অন্য স্কুল-সম্পর্কিত কাজকর্মে শিক্ষার্থীদের দৈহিক শাস্তির নিষিদ্ধ করা।

B. একজন শিক্ষার্থীর ব্যাঘাত সৃষ্টিকারী আচরণের শাস্তিবিধানে কখনই দৈহিক শাস্তি দেয়া যাবে না। স্কুল একজন শিক্ষার্থীর ব্যাঘাত সৃষ্টিকারী আচরণের সমস্যা গাইড্যান্স হস্তক্ষেপ, পিতামাতার সাথে কাজ করা এবং চ্যান্সেলরের প্রবিধান A-443 ও DOE-র শিক্ষার্থীর শেখায় সমর্থন কারক সিটিওয়াইড বিহেভিওরাল এক্সপেক্টেশনস ("শৃঙ্খলা বিধি") -এর মাধ্যমে সমাধান করতে হবে।

C. যে কর্মচারী এই বিধান লঙ্ঘন করেন তাকে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থার সম্মুখীন করা হবে।

## II. সংজ্ঞা

শিক্ষার্থীকে শাস্তি দেয়ার জন্য শিক্ষার্থীর বিরুদ্ধে যেকোন শারীরিক শক্তি প্রয়োগকে [1]দৈহিক শাস্তি হিশেবে সংজ্ঞায়িত হয়েছে। নিচের কারণগুলির জন্য যুক্তিসঙ্গত শারীরক বলপ্রয়োগ দৈহিক শাস্তির আওতায় পড়ে না:

- নিজেকে শারীরিক জখম থেকে রক্ষা করার জন্য;
- আরেকজন শিক্ষার্থী বা শিক্ষক বা অন্য কোন ব্যক্তিকে শারীরিক জখম থেকে রক্ষা করার জন্য (যেমন, অধিক বলপ্রয়োগ না করে হাতাহাতি থামিয়ে দেয়া);
- স্কুল বা অন্য কারও সম্পত্তি রক্ষার জন্য; অথবা
- একজন শিক্ষার্থীকে সংযত বা অপসারণ করা যার আচরণ স্কুল ডিস্ট্রিক্টের কাজ, ক্ষমতা বা দায়িত্বপালন এবং কর্মসম্পাদনায় ব্যাঘাত ঘটায় যদি উক্ত শিক্ষার্থী আর ব্যাঘাত সৃষ্টি থেকে বিরত থাকার অনুরোধ মানতে অস্বীকার করে অথবা উপরে বর্ণিত উদ্দেশ্যসাধনে বলপ্রয়োগ করে না এমন বিকল্প প্রক্রিয়া ও পদ্ধতির যুক্তিসঙ্গতভাবে প্রয়োগ করা সম্ভব না হয়।

## III. কর্মীদের প্রতি বিজ্ঞপ্তি

প্রিন্সিপ্যাল[2]/মনোনীতকে[3] অবশ্যই নিশ্চিত করতে হবে যে নির্দেশনা কর্মী সহ সকল কর্মী দৈহিক শাস্তির বিষয়ে DOE-র নীতি ও নিয়মকানুন এবং বিধিগুলি সম্পর্কে অবগত। নিদেনপক্ষে, প্রিন্সিপ্যাল/দায়িত্বপালনকারীকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে:

A. প্রত্যেক স্কুল বছরের শুরুতে, সকল কর্মীদের সাথে এই প্রবিধানের গুরুত্ব নিয়ে পর্যাচোলনা করা হয়, এই প্রবিধানের কপি প্রত্যেক কর্মী সদস্যের কাছে বিতরণ করা হয়, এবং প্রত্যেক কর্মী সদস্য এর প্রাপ্তি স্বীকৃতি স্বাক্ষর করেন;

B. এই প্রবিধানের গুরুত্ব প্রত্যেক কর্মী সদস্যের সাথে পর্যালোচনা করা হয় যারা স্কুল বছরের শুরুর পরে স্কুলে আসেন, এই প্রবিধানের কপি এই ধরনের প্রত্যেক কর্মী সদস্যকে দেয়া হয়, এবং এই ধরনের প্রত্যেক কর্মী সদস্য এর প্রাপ্তি স্বীকৃতি স্বাক্ষর করেন; এবং

C. স্কুলে বছরে প্রয়োজন মাফিক, এই প্রবিধান পুনরায় বিতরণ করা হয় এবং/অথবা এই প্রবিধান সম্পর্কিত টেকনিক্যাল সহায়তা প্রদান করা হয়।

## IV. দৈহিক শাস্তির অভিযোগ অবহিতকরণ

অফিস অভ স্পেশাল ইনভেস্টিগেশন ("OSI") দৈহিক শাস্তির সম্পর্কিত অভিযোগসমূহ DOE-র ভিতরের বিভিন্ন অফিসগুলি এবং অন্য যথাযথ সংগঠনসমূহে তথ্য গ্রহণ, মূল্যায়ন, পর্যালোচনা, ফলো-আপ এবং বিতরণের দায়িত্ব পালন করে।

A. কর্মচারীদের বাধ্যবাধকতা

1. দৈহিক শাস্তির শিকার হয়ে থাকতে পারে এমন শিক্ষার্থী সম্পর্কে জ্ঞান বা তথ্য রয়েছে এমন যে কোনও কর্মচারীর অধ্যক্ষ/পদাধিকারীর কাছে ঐ তথ্য পাবার এক স্কুল দিবসের মধ্যে অভিযোগের মৌখিক প্রতিবেদন করা বাধ্যতামূলক। কর্মী সদস্যটিকে অবশ্যই নিচের সেকশন IV.B.3-এ বর্ণিত একটি সাক্ষী বিবৃতিও পূরণ করতে হবে।

2. যদি অধ্যক্ষের বিরুদ্ধে দৈহিক সাজার অভিযোগ করা হয় তবে কর্মচারীকে দৈহিক সাজার অভিযোগটির প্রতিবেদন সরাসরি

[1] এই প্রবিধান মৌখিক অপব্যবহারের ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করে না। মৌখিক নিগ্রহের ঘটনা অবহিত করার এবং এর বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার পদ্ধতি প্রবিধান A-421-এ বর্ণনা করা হয়েছে।
[2] এই প্রবিধানে যখন ব্যবহৃত হয়, প্রিন্সিপ্যাল বলতে সাইট সুপারভাইজারকেও বোঝায়।
[3] এই প্রবিধানে যখন ব্যবহৃত হয়, প্রিন্সিপ্যালের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি প্রিন্সিপ্যাল কর্তৃক নিয়োজিত একজন সুপারভাইজার।

OSI-এর কাছে OSI-এর অনলাইন রিপোর্টিং সিস্টেমে http://www.nycenet.edu/fices/osi/CPR_Form/form.aspx -এই ওয়েবসাইটে অবশ্যই করতে হবে।

B. প্রিন্সিপ্যাল/পদাধিকারী ব্যক্তির দায়বদ্ধতা

প্রিন্সিপ্যাল/পদাধিকারী ব্যক্তিকে ডিওই কর্মচারী, রক্ষণাবেক্ষণের দায়িত্বে নিয়োজিত কর্মচারী, ভেন্ডর, কনসালট্যান্ট, CBO স্টাফ এবং এই প্রকার ব্যক্তিদের দ্বারা শিক্ষার্থীদের দৈহিক শাস্তি প্রদানের অভিযোগ DOE -র অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেম ("OORS") -এ অভিযোগ অবহিত হওয়ার এক স্কুল দিবসের মধ্যে তা দাখিল করতে হবে।

1. যদি প্রিন্সিপ্যাল/তার দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি উল্লিখিত দৈহিক শাস্তির একটি রিপোর্ট OORS-এ এন্টার করেন, তাকে স্বতোক্রিয়ভাবে OSI-এর অনলাইন রিপোর্টিং সিস্টেমে নেয়া হবে।
2. প্রিন্সিপ্যাল/তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই যেকোন রিপোর্টিং কর্মী সদস্যের (OORS-এর ফরম ব্যবহার করে) কাছ থেকে একটি সাক্ষী বিবৃতি নিতে হবে এবং অভিযোগ সম্পর্কে জানার দুই স্কুল দিবসের মধ্যে OORS-এ বিবৃতি এন্টার করতে হবে।
3. OSI-তে একটি রিপোর্ট করা এবং যেকোন রিপোর্টিং কর্মী সদস্যের কাছ থেকে সাক্ষী বিবৃতি পাবার পর, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, যে পর্যন্ত না OSI নির্দেশনা প্রদান করে কীভাবে অগ্রসর হতে হবে, আর কোন তদন্তের ব্যবস্থা নেবেন না, এর ব্যতিক্রম এই যে, যদি অভিযুক্ত আচরণ একটি অপরাধ হয়, সেক্ষেত্রে চ্যান্সেলরের প্রবিধান A-412-এ বর্ণিত নোটিফিকেশন এবং রিপোর্টিংয়ের শর্ত প্রিন্সিপ্যাল/তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই অনুসরণ করবেন, এর অন্তর্ভুক্ত দ্রুত নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট ("NYPD") এবং অফিস অভ স্পেশাল কমিশনার অভ ইনভেস্টিগেশন ("SCI")-এ যোগাযোগ করা।

C. OSI-এর অনলাইন রিপোর্টিং সিস্টেমে একবার দৈহিক শাস্তির একটি রিপোর্ট করা হলে, ওই সিস্টেম স্বতোক্রিয়ভাবে একটি নিশ্চিতকরণ নম্বর ("OSI নম্বর") তৈরি করবে। রিপোর্টকৃত ঘটনা সম্পর্কিত পরবর্তী যোগাযোগসমূহ অবশ্যই OSI নম্বরের রেফারেন্সে করতে হবে।

D. পিতামাতা, শিক্ষার্থীগণ, এবং নন- DOE কর্মীগণ দৈহিক শাস্তির অভিযোগ, অভিযোগের শিকার যে স্কুলে পড়ে সেখানকার প্রিন্সিপ্যাল/তার দয়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে জানিয়ে রিপোর্ট করতে পারে, OSI-কে সরাসরি OSI-এর অনলাইন রিপোর্টিং সিস্টেমের মাধ্যমেও জানিয়েও সেটি করতে পারে http://www.nycenet.edu/oices/osi/CPR_Form/form.aspx, অথবা OSI-এর সাথে ফোনে (718) 935-3800 নম্বরে যোগাযোগ করেও তা করা যেতে পারে। পরিচয়হীন অভিযোগও OSI অনলাইন রিপোর্টিং সিস্টেম ব্যবহার করে দায়ের করা যেতে পারে।

E. অভিযোগের শিকারের পিতামাতা ব্যতীত অন্য কেউ যদি কোন অভিযোগ দায়ের করে, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই দ্রুত অভিযোগের শিকারের পিতামাতাকে জানাবেন যে, অভিযোগ দায়ের করা হয়েছে। যদি প্রিন্সিপ্যাল অভিযোগের বিষয় হন, সেক্ষেত্রে সুপারিনটেনডেন্টকে অবশ্যই দ্রুত অভিযোগের যে শিকার তার পিতামাতাকে জানাতে হবে যে, অভিযোগ দায়ের করা হয়েছে।

## V. তদন্তের সময় কর্মী অপসারণ

দৈহিক শাস্তির তদন্ত চলাকালে, অভিযোগের বিষয় যে কর্মী তাকে নিচে বর্ণিত ভাবে তদেন্তর সততা রক্ষার জন্য শিক্ষার্থীদের স্বাস্থ্য, কল্যাণ, এবং সুরক্ষার কথা ভেবে অ্যাসাইনমেন্ট থেকে অপসারণ করা হতে পারে।

A. দৈহিক শাস্তির অভিযোগ পাবার পর, OSI কর্মীকে তার তদন্ত শেষ করা স্থগিত রেখে অ্যাসাইনমেন্ট থেকে অপসারণ করা হবে কিনা সেবিষয়ে সুপারিশ করবে। যদি OSI প্রাথমিকভাবে অপসারণ সুপারিশ না করে, প্রিন্সিপ্যাল অপসারণের অনুরোধ জানাতে পারেন, যা নির্ভর করে অফিস অভ পারসোনাল ইনভেস্টিগেশনের পর্যালোচনার উপর।

B. যখন নির্ধারণ করা হয় কর্মীকে অপসারণ করা হবে কিনা, নিচের বিষয়গুলি বিবেচনায় নিতে হবে: অভিযুক্ত আচরণ কতটা গুরুতর; অভিযুক্ত কর্মীর আগের রেকর্ড; যদি অভিযোগের ভিত্তি থাকে সম্ভাব্য শৃঙ্খলা ব্যবস্থা; অভিযোগের যে বিষয় তার এবং শিক্ষার্থীদের মাঝে যোগাযোগের প্রকৃতি এবং সেটি কত ঘনঘন; এবং অন্য প্রাসঙ্গিক উপাদানসমূহ।

C. যদি কর্মীকে দৈহিক শাস্তির তদন্তের ফলাফল স্থগিত রেখে তার দায়িত্ব থেকে অপসারণ করা হয়, প্রিন্সিপ্যাল লিখিতভাবে কর্মীর অপসারণের তারিখ থেকে পাঁচ স্কুল দিবসের মধ্যে তাকে অবহিত করবেন যে, কর্মী একটি তদন্তের বিষয়।

## VI. অনুসন্ধান

A. দৈহিক শাস্তির অভিযোগসমূহ OSI কর্তৃক তদন্ত করা হবে অথবা স্কুল সেটিকে স্কুল-ভিত্তিক তদন্ত ("SBI") হিসেবে বিবেচনা করবে। OSI দৈহিক শাস্তির অভিযোগের রিপোর্ট পাবার পর, প্রিন্সিপ্যালকে জানাবে তদন্তটি তারা পরিচালনা করবে নাকি সেটি একটি SBI হিসেবে পরিচালিত হবে।

1. DOE-র সকল কর্মীর দৈহিক শাস্তির তদন্তসমূহের সাথে সহযোগিতা করা আবশ্যিক, এবং যদি ডাকা হয় তারা একটি ইন্টারভিউয়ের জন্যও উপস্থিত হতে বাধ্য। OSI কর্তৃক অনুরোধ করা হলে, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি স্কুল কর্মীদের

ইন্টারভিউ সমন্বিত ও সংগঠিত করার মাধ্যমে, এবং অনুরোধকৃত ডকুমেন্টসমূহ দিয়ে অবশ্যই OSI-কে সহায়তা করবে।

2. প্রিন্সিপ্যালগণ/তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গকে OSI কর্তৃক তাদের কাছে পাঠানো যেকোন SBI অবশ্যই তদন্ত করতে হবে। সিনিয়র ফিল্ড কাউন্সেল প্রয়োজন মাফিক প্রিন্সিপ্যাল/তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে গাইডেন্স এবং নির্দেশনা দেবেন ( সেকশন VI.C দেখুন)। রেফারাল দেয়ার সময় SBI-এ যে ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে সে যদি স্কুলে না থাকে, প্রিন্সিপ্যাল/তার দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি অবশ্যই দ্রুত OSI-কে লিখিতভাবে জানাবে, এবং OSI পরবর্তী নির্দেশ প্রদান করবে।
3. যদি তদন্ত চলাকালে, অপরাধ যে সংঘটিত হয়েছে সেব্যাপারে যৌক্তিক সন্দেহ থাকে, NYPD এবং SCI-এর সাথে অবশ্যই অতিসত্বর যোগাযোগ করতে হবে, এবং পরবর্তী নির্দেশনা স্থগিত করে তদন্ত অবশ্যই বন্ধ করতে হবে।

B. বিষয়টি OSI অথবা স্কুল যারাই তদন্ত করুক না কেন, নিচের তদন্তের ধাপসমূহ অবশ্যই অনুসরণ করতে হবে:

1. অভিযোগের যারা শিকার তাদের এবং শিক্ষার্থী/কর্মী সাক্ষীদের ইন্টারভিউ পৃথকভাবে নিন এবং যথাসম্ভব দ্রুত যেকোন লিখিত বিবৃতি জোগাড় করুন।[4]
2. অভিযুক্ত কর্মীকে 48-ঘণ্টার নোটিফিকেশন ফরম ব্যবহার করে দৈহিক শাস্তির অভিযোগ আলোচনার জন্য তদন্ত-সংক্রান্ত ইন্টারভিউতে ইউনিয়ন প্রতিনিধির সাথে উপস্থিত হবার 48-ঘন্টার লিখিত অধিকারের নোটিস দিন[5]।
3. তদন্তবিষয়ক ইন্টারভিউ ইউনিয়ন প্রতিনিধি ছাড়া আহ্বান করা অথবা কর্মীর লিখিত নোটিস পাবার পর 48 ঘণ্টার আগেও করা যাবে না যদি না কর্মী তার 48-ঘন্টার নোটিসের অধিকার এবং/অথবা ইউনিয়ন প্রতিনিধির অধিকার ত্যাগ করেন। এমন পরিস্থিতিতে, কর্মীটিকে অধিকার পরিত্যাগপত্র স্বাক্ষর করতে হবে।[6]
4. একটি সিদ্ধান্ত গ্রহণে প্রয়োজন অনুযায়ী অভিযুক্ত কর্মীর সাথে মিলিত হোন। মিটিংয়ে, কর্মীকে দৈহিক শাস্তির অভিযোগের একটি বিবরণ অবশ্যই প্রদান করা হবে এবং সে অভিযোগের উত্তরদানের সুযোগও লাভ করবে।
   a. যদি অভিযুক্ত কর্মী শিক্ষার্থী সাক্ষীর বিবৃতি পর্যালোচনার একটি সুযোগের অনুরোধ জানান, অথবা প্রাপ্ত বয়স্ক সাক্ষীর বিবৃতিতে শিক্ষার্থীদের ব্যক্তিগতভাবে শনাক্ত করা যায় এমন তথ্য থাকে, কর্মীটিকে অবশ্যই পর্যালোচনার সুযোগ প্রদান করতে হবে এবং ইউনিয়ন প্রতিনিধির (যেখানে এই ধরনের প্রতিনিধিত্ব উপস্থিত থাকে) উপস্থিতিতে এই মর্মে একটি গোপনীয়তার স্বীকৃতি[7] স্বাক্ষর করতে হবে যে, কর্মী বিবৃতির বিষয়গুলি প্রকাশ করবে না অথবা লেখকদের পরিচয়ও প্রকাশ করবে না, অথবা লেখকের (দের) বিবৃতির বিরুদ্ধে কোন প্রতিশোধ পরায়ন কোন পদক্ষেপ নেবে না। ইউনিয়ন প্রতিনিধিকেও অবশ্যই পর্যালোচনার সুযোগ এবং গোপনীয়তার স্বীকৃতি স্বাক্ষর করার সুযোগও প্রদান করতে হবে। স্বীকৃতির কপিগুলি অনুরোধক্রমে অবশ্যই অভিযুক্ত কর্মী এবং/অথবা ইউনিয়ন প্রতিনিধিকে প্রদান করতে হবে।
   b. যদি অভিযুক্ত কর্মী এবং ইউনিয়ন প্রতিনিধি গোপনীয়তার স্বীকৃতি স্বাক্ষর করে, মিটিংয়ে কর্মী এবং ইউনিয়ন প্রতিনিধিকে সকল সাক্ষী বিবৃতি অসম্পাদিতভাবে দেখানো হবে। কর্মীটি এবং তার ইউনিয়ন প্রতিনিধিকে সকল সাক্ষীর বিবৃতি নকল করার অনুমতি দেয়া হবে কিন্তু তার ঐসব সাক্ষী বিবৃতির কপি রাখার অনুমতি পাবে না।
   c. যদি অভিযুক্ত কর্মী গোপনীয়তার স্বীকৃতিতে স্বাক্ষর করতে রাজি না হন, অপরাধের শিকার যে ব্যক্তি সে ছাড়া যেকোন শিক্ষার্থীর সকল ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য অভিযুক্ত কর্মী এবং ইউনিয়ন প্রতিনিধিকে মিটিংয়ে দেখানোর আগে শিক্ষার্থী শিকারীর বিবৃতি, শিক্ষার্থী সাক্ষীর বিবৃতি, এবং প্রাপ্তবয়স্ক সাক্ষীর বিবৃতি থেকে অবশ্যই আচ্ছাদিত রাখা হবে। অভিযুক্ত কর্মী এবং ইউনিয়ন প্রতিনিধিকে সকল সাক্ষী বিবৃতি আচ্ছাদিতভাবে দেখানো হবে। কর্মীটি এবং তার ইউনিয়ন প্রতিনিধিকে এসব ঢেকে রাখা বিবৃতি নকল করার অনুমতি দেয়া হবে কিন্তু তার ঐসব বিবৃতির কপি রাখার অনুমতি পাবে না।
5. প্রমাণ এবং সকল সাক্ষীর বিশ্বাসযোগ্যতা মূল্যায়ন করুন, এর অন্তর্ভুক্ত অভিযোগের শিকার এবং অভিযুক্ত কর্মী, এবং নির্ধারণ করুন অভিযোগটির ভিত্তি আছে কিনা।
6. যদি অভিযোগের ভিত্তি থাকে, একটি শৃঙ্খলাবিষয়ক কনফারেন্সের আয়োজন করুন।[8] শৃঙ্খলাবিষয়ক কনফারেন্সে উপস্থিত সকল অভিযুক্ত কর্মী এবং তাদের ইউনিয়ন প্রতিনিধির যেকোন শৃঙ্খলা ব্যবস্থা নেবার আদেশের আগে সকল সাক্ষী বিবৃতির কপি দেখা এবং সেগুলি রাখার অধিকার রয়েছে। যদি কর্মী এবং কর্মীর ইউনিয়ন প্রতিনিধি গোপনীয়তার স্বীকৃতিতে স্বাক্ষর করতে রাজি না হন, অপরাধের শিকার যে ব্যক্তি সে ছাড়া যেকোন শিক্ষার্থীর সকল ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য অভিযুক্ত কর্মী

---

[4] শিক্ষার্থী সাক্ষীদের সাথে ইন্টারভিউয়ের জন্য পিতামাতার নোটিফিকেশন অথবা সম্মতির আবশ্যিকতা নেই। যদি কোন পিতামাতা উপস্থিত না থাকে, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি একজন প্রশাসক অথবা কর্মী সদস্য যিনি ঘটনার সাথে সংশ্লিষ্ট নন তার উপস্থিতিতে ইন্টারভিউ পরিচালনা করতে পারেন, যেমন একজন অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল, ডিন, সোশ্যাল ওয়ার্কার, অথবা গাইডেন্স কাউন্সেলর।

[5] 48-ঘণ্টার নোটিফিকেশন ফরম 48-ঘণ্টার নোটিফিকেশন ফরম এমপ্লয়ই ইনফোহাব (সিনিয়র ফিল্ড কনসাল পেজ)-এর মাধ্যমে পাওয়া যাবে।

[6] 48-ঘণ্টার নোটিফিকেশন ফরম এমপ্লয়ই ইনফোহাব (সিনিয়র ফিল্ড কনসাল পেজ)-এর মাধ্যমে পাওয়া যাবে।

[7] গোপনীয়তার স্বীকৃতির ফরম এমপ্লয়ই ইনফোহাব (সিনিয়র ফিল্ড কনসাল পেজ)-এর মাধ্যমে পাওয়া যাবে।

[8] প্রিন্সিপ্যাল/তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি তদন্ত এবং শৃঙ্খলাজনিত মিটিং একই সময়ে করতে পারেন যদি অভিযুক্ত কর্মীর অভিযোগের উত্তরদানের সুযোগ থাকে এবং প্রিন্সিপ্যাল/তার দয়িত্বপ্রাপ্ত ব্যক্তি একটি চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ এবং শৃঙ্খলা বিধি আরোপের জন্য এমন ধরনের কোন উত্তর এবং অন্য সকল প্রমাণ বিবেচনা করেন।

এবং ইউনিয়ন প্রতিনিধিকে মিটিংয়ে সরবাহ করার আগে নিগৃহীত শিক্ষার্থীর বিবৃতি, শিক্ষার্থী সাক্ষীর বিবৃতি, এবং প্রাপ্তবয়স্ক সাক্ষীর বিবৃতি থেকে অবশ্যই আচ্ছাদিত রাখা হবে।

C. শুধুমাত্র স্কুল-ভিত্তিক তদন্তের জন্যঃ

1. অভিযোগ পাবার 15 স্কুল দিবসের মধ্যে, প্রিন্সিপ্যালকে অবশ্যই নির্ধারণ করতে হবে অভিযোগটির ভিত্তি আছে কিনা এবং তাকে অবশ্যই প্রতিটি অভিযোগের (সংযুকি নং 1 দেখুন, রিপোর্ট অভ ইনভেস্টিগেশন ফরম) উপসংহারে পৌঁছুনোর ব্যাখ্যাসহ অভিযোগের দৈহিক শাস্তি এবং/অথবা মৌখিক নিগ্রহ – রিপোর্ট অভ ইনভেস্টিগেশন ফরম পূরণ করতে হবে। প্রাসঙ্গিক পরিস্থিতির কারণে যদি তদন্ত সম্পূর্ণ করার জন্য বাড়তি সময়ের প্রয়োজন হয়, প্রিন্সিপ্যালদেরকে সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে পরামর্শ করতে হবে।
2. যখন SBI শেষ হয়, প্রিন্সিপ্যালদেরকে অবশ্যই সকল ইন্টারভিউ নোটস, লিখিত বিবৃতি, এবং তদন্ত থেকে প্রাপ্ত তথ্যসহ, পূরণ এবং স্বাক্ষরকৃত রিপোর্ট অভ ইনভেস্টিগেটিভ ফরম সিনিয়র ফিল্ড কাউন্সেলকে পাঠাতে হবে। SBI-গুলি শুধুমাত্র সমাপ্ত বিবেচনা করা হয় যখন প্রিন্সিপ্যাল এ ব্যাপারে সিনিয়র ফিল্ড কাউন্সেলের কাছ থেকে নিশ্চিত বার্তা পান।
3. সময়মতো SBI শেষ করতে ব্যর্থ হলে শৃঙ্খলাজনিত পদক্ষেপ নেয়া হতে পারে।

D. কেস একবার বন্ধ হয়ে গেলে, OSI, অথবা SBI-এর ক্ষেত্রে, প্রিন্সিপ্যাল/তার দয়িত্ব প্রাপ্ত ব্যক্তিকে, অভিযোগগুলির ভিত্তি থাক বা না থাক, অবশ্যই নিগ্রহের শিকার যে শিক্ষার্থী তার পিতামাতাকে জানাতে হবে। প্রিন্সিপ্যাল/তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি সিদ্ধান্ত নেবেন শিক্ষার্থীকে হস্তক্ষেপ ও সহায়তা প্রদান করা হবে কি হবে না, এবং যেখানে চাওয়া হয়, সেক্ষেত্রে এই ধরনের হস্তক্ষেপ এবং সহায়তার আলোচনার সুযোগ পিতামাতাকে দেয়া হয়।

## VII. কর্মচারীদের জন্য পদক্ষেপ গ্রহণ

A. প্রিন্সিপ্যালকে অবশ্যই দৈহিক শাস্তির ভিত্তি রয়েছে এমন যেকোন কর্মী সদস্যের বিরুদ্ধে যথাযথ শৃঙ্খলাজনিত পদক্ষেপ গ্রহণ করতে হবে। এই প্রবিধানের কোন কিছু একজন প্রিন্সিপ্যালকে কোন কর্মচারি যে অনুপযুক্ত আচরণ করেছে অথবা অপেশাদার সুলভ আচরন করেছে যা অন্যথায় এই প্রবিধানের লঙ্ঘন নয় তাকে পরামর্শদানে অথবা শৃঙ্খলায় আনায় বাধা হয়ে দাঁড়ায়। শৃঙ্খলাজনিত চিঠিসমূহের জন্য, প্রিন্সিপ্যালদেরকে অবশ্যই তাদের সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে পরামর্শ করা উচিত।

B. একজন প্রিন্সিপ্যাল একবার যদি সিনিয়র ফিল্ড কাউন্সেলের কাছ থেকে নিশ্চিয়তা পায় যে কেসটি বন্ধ হয়ে গেছে, অভিযুক্ত কর্মী সদস্যকে অবশ্যই তদন্তের ফলাফল সম্পর্কে জানাতে হবে। যদি অভিযুক্ত কর্মীকে তদন্ত স্থগিত করার সময়কালে পুনরায় দায়িত্ব দেয়া হয় এবং পুনরায় দায়িত্ব প্রদনের অন্য কোন কারণ না থাকে, কর্মীকে তার নিয়মিত দায়িত্ব পালনে অবশ্যই ফেরত নিতে হবে।

C. কোন কর্মচারি এই প্রবিধানের নিয়ম ভঙ্গ করলে তাকে শাস্তির সম্মুখীন করা হতে পারে, তার অন্তর্ভুক্ত হতে পারে চাকরি থেকে বরখাস্ত, অথবা অন্য যথাযথ কোন পরবর্তী ব্যবস্থা।

## VIII. গোপনীয়তা

DOE -এর নীতি হচ্ছে এই প্রবিধানের আওতায় আনীত অভিযোগের সকল পক্ষ এবং সাক্ষীর গোপনীয়তা রক্ষা করা। তবে, অভিযুক্তকে ন্যায় বিচার লাভের সুবিধা প্রদানের জন্য তদন্তে সহযোগিতা করার বাধ্যবাধকতা এবং/অথবা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অথবা অভিযোগ মীমাংসার উদ্দেশ্যে এই গোপনীয়তাকে অবশ্যই সুসমঞ্জসপূর্ণ হতে হবে। স্কুল কর্মীবৃন্দ যাদের দৈহিক শাস্তির তদন্ত সম্পর্কে জানা আছে তাদের আইনের বাধ্যবাধকতা ব্যতীত, কোন অননুমোদিত ব্যক্তির কাছে যেকোন ধরনের তথ্য প্রকাশ করা নিষিদ্ধ, এর অন্তর্ভুক্ত অভিযুক্ত কর্মীর(গণের), নিগৃহীত শিক্ষার্থীর (দের), এবং সাক্ষীদের নাম।

## IX. ব্যাঘাত সৃষ্টি/প্রতিশোধ পরায়ণতা নিষিদ্ধ

কোন দৈহিক শাস্তির তদন্তে ব্যাঘাত সৃষ্টি অথবা বাধা দেয়া অথবা যাদের এসবের অভিজ্ঞতা রয়েছে, যারা এ ব্যাপারে রিপোর্ট করে, অথবা দৈহিক শাস্তির সাক্ষীদের বিরুদ্ধে প্রতিশোধ নেয়া কঠোরভাবে নিষিদ্ধ এবং এর ফলশ্রুতিতে শৃঙ্খলাজনিত শাস্তিমূলক পদক্ষেপ নেয়া হতে পারে। এই ধরনের যেকোন আচরণ দ্রুত SCI-এর (212) 510-1400 নম্বরে অথবা intake@nycsci.org.

## X. নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট-এ রিপোর্ট করা

DOE প্রতিবছর দৈহিক শাস্তির সম্পর্কিত অভিযোগগুলির একটি অর্ধ-বার্ষিক রিপোর্ট 15 জানুয়ারি এবং 15 জুলাই তারিখের মধ্যে কমিশনার অভ এডুকেশনের কাছে জমা দেয়। রিপোর্টটিতে প্রতিটি অভিযোগের সার-সংক্ষেপ, প্রতিটি তদন্তের ফলাফল, এবং প্রত্যেকটি কেসে স্থানীয় স্কুল কর্তৃপক্ষ কর্তৃক কী পদক্ষেপ নেয়া হয়েছে, যদি নেয়া হয়, তার বিবরণ থাকে।

## XI. অব্যাহতি

চ্যান্সেলর অথবা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি ব্যতিক্রমী কোন পরিস্থিতিতে এবং স্কুল সিস্টেমের সর্বোচ্চ স্বার্থে এই প্রবিধান থেকে পূর্ণ অথবা আংশিকভাবে অব্যাহতি প্রদান করতে পারে।

## XII. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

| Telephone: | *Office of Special Investigations*<br>N.Y.C. Department of Education<br>65 Court Street – Room 922 |
|---|---|
| 718-935-3800 | Brooklyn, NY 11201 |
| | Email: OSI-Inquiries@schools.nyc.gov |
| | স্কুল-ভিত্তিক তদন্তের জন্য, যোগাযোগ করুন<br>আপনার সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে |

OSI CASE #__________________

**OFFICE OF SPECIAL INVESTIGATIONS (OSI)**
65 Court Street - Room 922
BROOKLYN, NY 11201
PHONE - 718-935-3800

**তথাকথিত দৈহিক শাস্তি (করপোরাল পানিশমেন্ট) এবং/অথবা মৌখিক নিগ্রহ (ভার্বাল এবিউস) তদন্তের রিপোর্ট**

রিপোর্টের তারিখ: ______________________ OSI কেইস নম্বর: ______________________

## 1. দায়ী কর্মচারীর তথ্য

নাম: ______________________ ফাইল নম্বর/এমপ্লয়ী নম্বর: ______________________

পদ: ______________________ বাড়ির ঠিকানা: ______________________

______________________________________________

জন্মতারিখ: ______________________ লাইসেন্স(সমূহ): ______________________

স্কুল: ______________ ডিসট্রিক্ট: ________ বোরো: ________ এলাকা (Region): ________

কত বছর চাকুরীরতঃ ______________

স্থায়ী (টেনিউরড): ________ অবেক্ষাধীন (প্রবেশনারী): ________ CPT: ________ রোজকার হিসেবে (পার ডিয়েম): ______

## 2. কর্মচারীর ইতিবৃত্ত

পূর্ববর্তী বিরূপ রেটিংস/কার্যকলাপ হ্যাঁ ☐ না ☐ যদি হ্যাঁ হয়, ব্যাখ্যা দিন, তারিখ(সমূহ) সহ:

______________________________________________

______________________________________________

______________________________________________

______________________________________________

দৈহিক শাস্তি এবং মৌখিক নিগ্রহের পূর্ববর্তী অভিযোগ হ্যাঁ ☐ না ☐ যদি হ্যাঁ হয়, ব্যাখ্যা দিন, তারিখ(সমূহ) সহ এবং অভিযোগের সংখ্যা:

______________________________________________

______________________________________________

OSI CASE #___________________

______________________________________________________________________________

______________________________________________________________________________

______________________________________________________________________________

______________________________________________________________________________

3. **শিক্ষার্থীর (অভিযোগকারী/ক্ষতিগ্রস্ত) তথ্য (বাড়তি কাগজে অতিরিক্ত তথ্য/ক্ষতিগ্রস্তদের সম্পর্কে লিখে রাখা যেতে পারে, যেগুলো এই ডকুমেন্ট জমা দেয়ার আগে এটার সাথে সংযুক্ত করতে হবে)**

নাম: ________________________ গ্রেড: __________ জন্মতারিখ: ________________

শিক্ষার্থী কি আগে অভিযোগ করেছে?
যদি হ্যাঁ হয়, ব্যাখ্যা দিন, তারিখ(সমূহ) সহ এবং অভিযোগের সংখ্যা: হ্যাঁ ☐ না ☐

______________________________________________________________________________

______________________________________________________________________________

______________________________________________________________________________

শিক্ষার্থীর কর্মসম্পাদনার বর্ণনা (আচার-আচরণ, ইত্যাদি):

______________________________________________________________________________

______________________________________________________________________________

______________________________________________________________________________

______________________________________________________________________________

4. **পিতামাতা/অভিভাবকের যোগাযোগের তথ্য**

নাম: ______________________________________________________________

ঠিকানা: ______________________________________________________________

বাড়ির ফোন: ____________________________________________

ব্যাবসার ফোনঃ ____________________________________________

ইমেইল ঠিকানা: ____________________________________________

পিতামাতা/অভিভাবককে যে তারিখ জানানো হয়েছেঃ ____________________________________________

স্কুলের যে স্টাফ পিতামাতা/অভিভাবককে জানিয়েছেঃ ____________________________________________

OSI CASE #__________________

## 5. যে স্টাফ/শিক্ষার্থীর সাক্ষাৎকার নেয়া হয়েছে

নাম: ____________________________________________ পদ/গ্রেড: ________________________________________

**দ্রষ্টব্য:** যাদের সাক্ষা৷কার নেয়া হবে তারা যদি শিক্ষার্থী হয়, আলাদা একটি কাগজে, শিক্ষার্থীর নাম এবং তাদের পিতামাতার নাম ও যোগাযোগের তথ্য তালিকা করুন।

OSI CASE #__________________

## 6. ঘটনা

**যদি শিক্ষার্থী এবং/অথবা স্টাফ লিখিত বিবৃতি দিয়ে থাকে, ওগুলোর কপি এই ফর্মের সাথে *অবশ্যই* সংযুক্ত করতে হবে।**

ঘটনার তারিখ: ____________________________________________ সময়: ______________________________

অবস্থান: ______________________________________________________________________________

তথাকথিত ঘটনার বর্ণনাঃ ________________________________________________________________

______________________________________________________________________________

______________________________________________________________________________

______________________________________________________________________________

______________________________________________________________________________

তথাকথিত ভূক্তভোগী, সাক্ষী, এবং যার বিরুদ্ধে তদন্ত করা হচ্ছে তাদের সবার বিবৃতি পর্যালোচনা এবং বিশ্লেষণ করার পর, কি ঘটেছে সেবিষয়ে আমি নিম্নোক্ত সিদ্ধান্তে উপনীত হয়েছিঃ (যদি প্রয়োজন হয়, বাড়তি তথ্য আলাদা কাগজে লিপিবদ্ধ করা যাবে, যা অবশ্যই সংযুক্ত করতে হবে)

______________________________________________________________________________

______________________________________________________________________________

______________________________________________________________________________

______________________________________________________________________________

______________________________________________________________________________

______________________________________________________________________________

______________________________________________________________________________

## 7. যা জানা গেছে

একটি মীমাংসা অপরিহার্য্য। নীচের একটি বিকল্প বেছে নিন।

______ দৈহিক শাস্তি (করপোরাল পানিশমেন্ট) -এর যে অভিযোগ করা হয়েছে তা ভিত্তিহীন (যেমন, কোন ভিত্তি নেই)

______ দৈহিক শাস্তি (করপোরাল পানিশমেন্ট) -এর যে অভিযোগ করা হয়েছে তার ভিত্তি আছে

______ মৌখিক নিগ্রহ (ভার্বাল এবিউস) -এর যে অভিযোগ করা হয়েছে তা ভিত্তিহীন (যেমন, কোন ভিত্তি নেই)

______ মৌখিক নিগ্রহ (ভার্বাল এবিউস) -এর যে অভিযোগ করা হয়েছে তাতে পাওয়া গেছে যে হেয় করা হয়েছে, অপমান করা হয়েছে অথবা শিক্ষার্থীকে উপহাস করা হয়েছে।

OSI CASE #__________________

______ মৌখিক নিগ্রহ (ভার্বাল এবিউস) -এর যে অভিযোগ করা হয়েছে তার ভিত্তি আছে এবং তাতে পাওয়া গেছে যে এই নিগ্রহ এমনভাবে করা হয়েছে যে তার ভাষাঃ

1. শিক্ষার্থীর শিক্ষাগত কর্মসম্পাদনা বা কোন শিক্ষা কর্মসূচি, স্কুল পৃষ্ঠপোষিত কর্মকাণ্ড বা শিক্ষার্থীর শিক্ষাক্ষেত্রের কোন বিষয়ে অংশগ্রহণের সামর্থ্য বা সুবিধালাভে অযৌক্তিকভাবে এবং যথেষ্ট পরিমাণে অন্তরায় সৃষ্টি করেছে বা করবে; অথবা
2. শিক্ষার্থীর মানসিক, আবেগিক বা শারীরিক কল্যাণে অযৌক্তিকভাবে এবং যথেষ্ট পরিমাণে প্রভাব ফেলেছে বা ফেলবে; অথবা
3. নিজের শারীরিক সুরক্ষার ব্যাপারে শিক্ষার্থীর যৌক্তিক ভীতি সৃষ্টি করে বা করবে বলে ধারণা করা হয়; অথবা
4. শিক্ষার্থীর শারীরিক চোট বা মানসিক ক্ষতির যৌক্তিক কারণ রয়েছে বা কারণ হবে বলে ধারণা করা হয়।

______ যে অভিযোগ করা হয়েছে তা ভিত্তিহীন, কিন্তু যার বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে সে কান্ডজ্ঞানহীনতার পরিচয় দিয়েছে।

**থামুনঃ যে সিনিয়র ফিল্ড কাউন্সেল (SFC) -কে আপনার কাগজপত্র পর্যালোচনা করার দ্বায়িত্ব দেয়া হয়েছে অনুগ্রহ করে তাঁর কাছে এই ডকুমেন্টের 1-5 নম্বর পৃষ্ঠা জমা দিন। যদি শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার হবে, তা করতে হবে SFC প্রয়োজনীয় সব কাগজপত্র পর্যালোচনা করার এবং তদন্ত সম্পন্ন হয়ে গেছে বলে সিদ্ধান্ত নেয়ার পর।**

***অনুগ্রহ করে জেনে রাখুন: সবক্ষেত্রে যখন দৈহিক শাস্তি (করপোরাল পানিশমেন্ট) এবং/অথবা মৌখিক নিগ্রহ (ভার্বাল এবিউস) -এর যে অভিযোগ করা হয়েছে তার ভিত্তি পাওয়া যায় অথবা সিদ্ধান্ত নেয়া হয় যে যার বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে সে কান্ডজ্ঞানহীনতার পরিচয় দিয়েছে, তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অথবা উপযুক্ত ফলোআপ পদক্ষেপ আবশ্যিকভাবে গ্রহণ করতে হবে।***

## 8. সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে পরামর্শ

______ সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে পরামর্শ করা হয়েছেঃ ______________________
তারিখ

## 9. সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে পরামর্শ করার পর যে পদক্ষেপ নেয়া হয়েছে

______মৌখিক হুশিয়ারি ______________________
তারিখ

______লিখিতভাবে ফাইলে জমা দেয়া হয়েছে ______________________
তারিখ

______কাউন্সেলিং মেমো ______________________
তারিখ

______শাস্তিমূলক ব্যবস্থা সুপারিশ করা হয়েছে [1] ______________________
তারিখ

______চাকুরী থেকে বরখাস্ত ______________________
তারিখ

______অন্যান্য ( উল্লেখ করুন) ________________________________________ ______________________
তারিখ

[1] যদি অভিযুক্ত কর্মচারী স্থায়ী (টেনিউরড) হয়, এবং যদি অসদাচরণ গুরুতর অথবা পুনরাবৃত্তিমূলক প্রকৃতীর হয় যার জন্য স্টেট এডুকেশন আইনের সেকশন 3020-a ধারা অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়, অথবা অন্যান্য কারন কর্মচারীর কর্মসম্পাদনের ক্ষেত্রে উদ্বেগের কারণ হয়ে দাড়ায়, তবে স্কুল অবশ্যই DOE -এর অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রায়াল ইউনিটের (212-374-6888) ডেপুটি কাউন্সেলরের সাথে পরামর্শ করবে।

OSI CASE #__________________

## 10. <u>পিতামাতাদের অবহিতকরণ</u>

________ যা জানা গেছে তা পিতামাতাদের অবহিত করা হয়েছে

______________________________
তারিখ

______________________________
রিপোর্ট প্রস্তুতকারকের নাম

______________________________
পদ (টাইটেল)

______________________________
রিপোর্ট প্রস্তুতকারকের সাক্ষর

______________________________
প্রস্তুত করার তারিখ